

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বগুড়া, বাংলাদেশ।
www.nactar.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং-৫৭.২১.০০০০.০০৩.১৭.০০৪.১৭- ৬০৭


তারিখ: ১৭ জ্যেষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ
৩১ মে, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ এর অনুসরণে পুরস্কার মঞ্জুরি।

জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ এর অনুসরণে শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদানের ক্ষেত্রে একাডেমীর খেড ৫-১০ ভুক্ত ০১ জন কর্মকর্তা এবং খেড ১১-২০ ভুক্ত ০১ জন কর্মচারীকে পুরস্কার প্রদানের সুযোগ রয়েছে। তৎপ্রেক্ষিতে একাডেমীর গত ১৮/৫/২০২০ খ্রি. তারিখের ৫৮৬ নং স্মারক মোতাবেক শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে একাডেমীর কর্মকর্তা-কর্মচারীগণের মধ্যে হতে ০১ জন কর্মকর্তা এবং ০১ জন কর্মচারীর নাম প্রস্তাবের নিমিত্ত কমিটি গঠন করা হয়। কমিটির সুপারিশের প্রেক্ষিতে নিম্নোক্ত কর্মকর্তা-কর্মচারীদ্বয়ের অনুকূলে তাদের নামের পার্শ্বে বর্ণিত অর্থ বাবদ সর্বমোট ৭০,৪৮০/- (সত্তর হাজার চারশত আশি) টাকা সম্মানীভাতা হিসেবে মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

ক্রমিক নং	নাম ও পদবী	বেতন স্কেলের খেড	টাকার পরিমাণ
০১।	জনাব মুহাম্মদ মাহমুদুর রহমান প্রশিক্ষক(আরবী) ও উপপরিচালক(চ: দা:)	৫-১০	৪৯,৬৭০/-
০২।	জনাব মো: গোলাম মোস্তফা অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১১-২০	২০,৮১০/-
সর্বমোট টাকা /-(সত্তর হাজার চারশত আশি)			৭০,৪৮০/-

উক্ত সম্মানীভাতা হিসেবে বর্ণিত কর্মকর্তা-কর্মচারীদ্বয়ের অনুকূলে তাদের এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ হিসেবে মোট (৪৯,৬৭০+২০,৮১০)= ৭০,৪৮০/- (সত্তর হাজার চারশত আশি) টাকা মঞ্জুর করা হলো। এই ব্যয় চলতি(২০১৯-২০) অর্থ বছরের অনুন্নয়ন রাজস্ব বাজেটের অনুকূলে ৩-১৬০০১০১-১৩১০০৪৭০০ কোডের আওতায় ৩৬৩১১০২ ভাতাদি বাবদ সহায়তা কোডের ৩১১১৩৩২-সম্মানী ভাতা (শুদ্ধাচার ও বাৎসরিক সম্মানী ভাতা) কোড হতে মিটানো হবে।


(মো: শাফিউল ইসলাম)
পরিচালক(উপসচিব)
নেকটার, বগুড়া।

সদয় অবগতির জন্য:

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: জনাব এস এম মাহাবুবুর রহমান, যুগ্মসচিব(প্রশাসন.ও অর্থ)।

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

- ১। জনাব মুহাম্মদ মাহমুদুর রহমান, প্রশিক্ষক(আরবী) ও উপ-পরিচালক (চলতি দায়িত্ব), নেকটার, বগুড়া।
- ২। হিসাব রক্ষণ কর্মকর্তা, নেকটার, বগুড়া।
- ৩। অফিস সুপার, নেকটার, বগুড়া।
- ৪। জনাব মো: গোলাম মোস্তফা, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, নেকটার, বগুড়া।
- ৫। পরিচালকের ব্যক্তিগত সহকারী, নেকটার, বগুড়া।

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বগুড়া, বাংলাদেশ।
www.nactar.gov.bd

স্মারক নং ৫৭.২১.০০০০.০০৩.১৭.০০৪.১৭-৫৫৬


তারিখ: ১৮/৫/২০২০খ্রি.

অফিস আদেশ

সরকারী সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে একাডেমীর ১ম শ্রেণীর কর্মকর্তাগণের মধ্য হতে ১ (এক) জন এবং ৩য় শ্রেণীর কর্মচারীগণের মধ্য হতে ১ (এক) জন দক্ষ, অভিজ্ঞ, বিশ্বস্ত ও কাজে মনোযোগী ব্যক্তিকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এমতাবস্থায় নেকটারে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের মধ্য হতে পুরস্কার প্রাপ্তির যোগ্য কর্মকর্তা-কর্মচারী নির্বাচনের জন্য নিম্নোক্ত ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো:

১।	জনাব মুহাম্মদ মাহমুদুর রহমান, উপপরিচালক-	আহবায়ক
২।	জনাব মো: ফজলে রাব্বী, প্রশিক্ষক(পরীক্ষা নিয়ন্ত্রক)	সদস্য
৩।	জনাব মো: আবু তালেব, সহকারী ইন্সট্রাক্টর	সদস্য-সচিব

কমিটি আগামী ২৮/৫/২০২০খ্রি. তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।


/ ১৮/৫/২০২০
(মো: শাফিউল ইসলাম)
পরিচালক(উপসচিব)
নেকটার, বগুড়া।

অনুলিপি কার্যার্থে:

- ১। জনাব মুহাম্মদ মাহমুদুর রহমান, উপপরিচালক, নেকটার, বগুড়া।
- ২। জনাব মো: ফজলে রাব্বী, প্রশিক্ষক(পরীক্ষা নিয়ন্ত্রক), নেকটার, বগুড়া।
- ৩। জনাব মো: আবু তালেব, সহকারী ইন্সট্রাক্টর, নেকটার, বগুড়া।

অবগতির জন্য:

- ১। হিসাব রক্ষণ কর্মকর্তা, নেকটার, বগুড়া।
- ২। অফিস সুপার, নেকটার, বগুড়া।
- ৩। পরিচালকের ব্যক্তিগত সহকারী, নেকটার, বগুড়া।